



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

### শিক্ষা ও প্রশাসনিক সার্ভিসসমূহ অটোমেশন সংক্রান্ত রোডম্যাপ ঘোষণা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩১ জানুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী-শিক্ষকদের দুর্ভোগ লাঘবে শিক্ষা ও প্রশাসনিক সার্ভিসসমূহ স্বয়ংক্রীয়করণের (Automation) মাধ্যমে আধুনিকীকরণ ও যুগোপযোগী করার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে কার্যক্রম শুরু করার জন্য একটি রোডম্যাপ ঘোষণা করা হয়েছে। অটোমেশন সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সভাপতি ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. ছালেহ আহাম্মদ খানের সভাপতিত্বে গতকাল বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে অনুষ্ঠিত এক সভায় এ রোডম্যাপ ঘোষণা করা হয়। সভায় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জাহিদুর রহমান, অধ্যাপক ড. মো. এমদাদুল ইসলাম, অধ্যাপক ড. আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) অধ্যাপক মো. ফজলুল করিম পাটোয়ারী, অধ্যাপক ড. শামীম আল মামুন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ অধ্যাপক ড. মো. মুশফিক আনোয়ার, সহকারী অধ্যাপক মো. রাফসান জানি, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা উপস্থিত ছিলেন।

সভায় ৪টি স্বনামখ্যাত প্রফেশনাল সফটওয়্যার কোম্পানির প্রস্তাবনা ও পরামর্শ বিবেচনায় রেখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অটোমেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য রোডম্যাপ ঘোষণা করা হয়। এতে শিক্ষা ও প্রশাসনিক সার্ভিসসমূহ স্বয়ংক্রীয়করণের লক্ষ্যে প্রজেক্ট ভিত্তিক ৭জন বিশেষজ্ঞ শিক্ষক, ১জন কর্মকর্তা এবং ১জন কর্মচারীর সমন্বয়ে ১ সপ্তাহের মধ্যে অটোমেশন উইং খোলা, ১ মাসের মধ্যে বাজেটসহ Business Requirement Documents (BRD) এবং Examination Office Management Software (EOMS) এর জন্য Development Project Proposal (DPP) তৈরি, ১ মাস ১৫ দিনের মধ্যে BRD এবং EOMS এর জন্য পত্রিকায় টেন্ডারের বিজ্ঞপ্তি দেয়া, ১ মাসের মধ্যে কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পন্ন করা, BRD অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু ও চলমান রাখা, ৩ মাসের মধ্যে EOMS এর টেস্ট সম্পন্ন করা, EOMS ডিপ্লয়মেন্ট সম্পন্ন করা, ২ মাসের মধ্যে EOMS এর user টেস্ট করা এবং ২০২৬ সালে ১২ জানুয়ারি বিশ্ববিদ্যালয় দিবসে EOMS উদ্বোধন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

উল্লেখ্য, শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘবে শিক্ষা ও প্রশাসনিক সার্ভিসসমূহ স্বয়ংক্রীয়করণের (Automation) মাধ্যমে আধুনিকীকরণ ও যুগোপযোগী করার লক্ষ্যে গত ২০ জানুয়ারি ২০২৫ তারিখে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সভায় এই কমিটি গঠন করা হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)